15

দৈনিক বাংলা

তারিখ 07 SEP 1993
পৃষ্ঠা 11 কলাম 8

## মসজিদের ছাদের উপর সরকারী মাদ্রাসা

ঢাকা জেলার কেরানীগঞ্জ থানার শুভাঢ্যা ইউনিয়নস্থ কালিগঞ্জ গ্রামে মসজিদের ছাদের উপরে চিস্তিয়া নুরিয়া নামে একটি দাখিল মাদ্রাসা আছে। সরকার অনুমোদিত মাদ্রাসাটি জন্মলগ্ন থেকেই মসজিদের ছাদের উপরে। মাদ্রাসাটি ৪/৫ বৎসর যাবৎ সরকার অনুমোদিত লেখা একটি সাইনবোর্ড সর্বস্ব। দেশের কোথায়ও কোন সরকার অনুমোদিত দাখিল মাদ্রাসা (হাই স্কুল/উচ্চ বিদ্যালয়) মসজিদের ছাদের উপর আছে বলে আমার জানা নেই। একটি দাখিল মাদ্রাসা, কালিগঞ্জ বড় মসজিদের ছাদের উপর চলছে, এর নামে কৃত এক একর জমির দলিল অন্যান্য প্রয়োজনীয় শর্তসমূহ পরিচালক ও অন্যান্যরা কি দিয়ে পূরণ করলেন তা বোধগম্য নয়। কালিগঞ্জ বড় মসজিদের ছাদে যদি সরকার অনুমোদিত চিস্তিয়া নুরিয়া দাখিল মাদ্রাসা চলতে পারে, তবে মসজিদে বসে নম্বর বাড়িয়ে টাকা নেয়ার সময় পুলিশ চট্টগ্রামের এক মসজিদ থেকে পরীক্ষক এবং পরীক্ষার্থীকে হাতেনাতে গ্রেফতার করবে কেন? ৫৩৫টি মাদ্রাসার মধ্যে ঢাকা জেলার কেরানীগঞ্জ থানার শুভাঢ্যা ইউনিয়নের কালিগঞ্জ বড় মসজিদের ওপর সরকার অনুমোদিত এই চিস্তিয়া নুরিয়া মাদ্রাসার কতজন ছাত্রছাত্রী '৯৩ সালে দাখিল পরীক্ষায় পাস করেছে এবং দাখিল মাদ্রাসাটি সত্য সত্যই মসজিদের ছাদে কিনা তা তদন্ত করে সারা বাংলাদেশে মাদ্রাসা নিয়ে মাদ্রাসা বোর্ডের অসৎ কর্মচারী ও মাদ্রাসা প্রতিষ্ঠাতা পরিচালকদের যে অসাধু কারবার চলছে তা বন্ধ করার জন্য চট্টগ্রামের মসজিদে গ্রেফতারকৃত শিক্ষক পরীক্ষার্থীর মতোই এদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নিয়ে ধর্মীয় পবিত্রতা রক্ষা ও মাদ্রাসা শিক্ষার বিকাশ ঘটানোর জন্য শিক্ষা মন্ত্রণালয়ের প্রতি আবেদন জানাচ্ছি।

মোঃ সহিদ মিয়া
কালিগঞ্জ, শুভাঢ্যা, ঢাকা।